যুগান্তর

তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

# প্রাথমিকের শ্রেণীকক্ষে বঙ্গবন্ধুর ছবি রাখার সুপারিশ

সংসদ রিপোর্টার

প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি শ্রেণীকক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়।

পাশাপাশি স্কুল চলাকালে শ্রেণীকক্ষে পাঠদানের জন্য প্রবেশের আগে শিক্ষকের মোবাইল ফোন প্রধান শিক্ষকের কাছে জমা রেখে যাওয়ার সুপারিশ করেছে কমিটি। বৈঠকে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মাস্টাররোলে কর্মরত কর্মচারীদের বিশেষ ক্যাটাগরিতে মানবিক দিক বিবেচনা করে চাকরিতে নিয়মিত করার সুপারিশ করা হয়। কমিটির সভাপতি মোতাহার হোসেনের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফিজুর রহমান, সামশুল হক চৌধুরী, নজরুল ইসলাম বাবু, আবুল কালাম, আলী আজম এবং বেগম উম্মে রাজিয়া কাজল অংশ নেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে পিইডিপি-৪ প্রকল্পের পরিধি আরও সম্প্রসারিত করে বাংলাদেশের দরিদ্রপ্রবণ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে 'মিড ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের সুপারিশ করে কমিটি। সেইসঙ্গে জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক এবং সংশ্লিষ্টদের মতামত সংগ্রহপূর্বক স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করে।